অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ওয়ারেন কাউন্টির আঞ্চলিক ক্যান্সার গবেষণা এলাকায় ক্যান্সারের উচ্চ হারের মোকাবেলায় নতুন পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করেছেন

স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) গবেষণায় দেখা গেছে, তামাক ব্যবহার, অ্যালকোহল সেবন, দুর্বল পুষ্টি ও হিউম্যান পাপিলোমা ভাইরাস (HPV)সংক্রমণের কারণে ওয়ারেন কাউন্টিতে ক্যান্সারের হার বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে

স্থানীয় জনস্বাস্থ্য সহযোগীরা সুস্থ জীবনযাত্রার মান বজায় রাখার জন্য সেখানে পদক্ষেপের গুরুত্বকে চিহ্নিত করেছে

স্থানীয় ক্যান্সার প্রতিরোধ পুরস্কারে 675,000 মার্কিন ডলার পর্যন্ত নতুন অনুদান প্রদানের সুযোগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওয়ারেন কাউন্টি এলাকায় ক্যান্সারের উচ্চহার মোকাবেলায় নতুন পদক্ষেপের ঘোষণা দিয়েছেন। সম্প্রতি স্টেট স্বাস্থ্য বিভাগের একটি গবেষণায় দেখা গেছে পুষ্টির অভাব, তামাক ব্যবহার এবং অ্যালকোহল সেবন এই এলাকায় নির্দিষ্ট কতিপয় ক্যান্সারের প্রকোপ বৃদ্ধিতে অবদান রাখতে পারে। গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে, এই পরিকল্পনার একটি প্রাথমিক গুরুত্বের দিক হবে স্বাস্থ্যকর খাবার খাওয়ার মাত্রা বৃদ্ধি করার কৌশল গ্রহণ এবং এলাকায় তামাক ব্যবহার এবং অ্যালকোহল গ্রহণের হার কমানো। গভর্নর স্বাস্থ্য বিভাগ-কে স্থানীয় জনস্বাস্থ্য সহযোগীদের সঙ্গে কাজ করার নির্দেশ দিয়েছেন যাতে এই অঞ্চলের মানুষের সুস্থ জীবনযাত্রার মান ফিরিয়ে আনা যায়, আর এটিই হলো ক্যানসারের ঝুঁকি রোধ ও কমানোর মূল উপাদান। আরো বলা যায়, এই উদ্যোগের মধ্যে রয়েছে কমিউনিটি ক্যান্সার প্রতিরোধ (Community Cancer Prevention in Action) অনুদানের সুবিধা, যা বার্ষিক 225,000 মার্কিন ডলারের অনুদান,যা স্থানীয় ক্যান্সার প্রতিরোধ মধ্যস্থতার উদ্দেশ্যে প্রায় তিন বছর যাবত চলতে থাকবে এবং যার মূল্যমান সর্বমোট 675,000 মার্কিন ডলার।

"নিউ ইয়র্ক ক্যান্সারের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য কঠোর পদক্ষেপ নিয়েছে এবং সবচেয়ে ঝুঁকির মধ্যে থাকা সম্প্রদায় এবং ব্যক্তিদের তাৎপর্যপূর্ণ সহায়তা এবং সেবা প্রদান করতে উদ্যোগী হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমি DOH-কে নির্দেশ করছি যেন যে সকল গ্রামীণ সম্প্রদায় চ্যালেঞ্জের মুখোমুখি আছে তাদের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করতে এবং অবিলম্বে ওয়ারেন কাউন্টি এলাকার উচ্চ ক্যান্সার হার ঠেকাতে নতুন ব্যবস্থা বাস্তবায়ন করতে।"

সক্রিয় কমিউনিটি ক্যান্সার প্রতিরোধ হল স্বাস্থ দপ্তরের একটি কর্মসূচি যা নিউ ইয়র্ক স্টেটের একাধিক কমিউনিটির স্থানীয় ক্যান্সার প্রতিরোধ এবং ঝুঁকি হ্রাস মধ্যস্থতায় সহায়তা করে।

এছাড়া, গ্লেংস ফলস হসপিটাল (Glens Falls Hospital) এবং ওয়ারেন কাউন্টি হেলথ সার্ভিসেস (Warren County Health Services) অন্যান্য জনস্বাস্থ্য অংশীদার, যেমন আদিরনডাক গ্রামীণ স্বাস্থ্য নেটওয়ার্ক (Adirondack Rural Health Network)-এর সাথে কাজ করছে যেন কমিউনিটি ইমপ্রুভমেন্ট পরিকল্পনার উন্নয়ন সাধন করা যায় যার ফলে স্বাস্থ্যসম্মত জীবন যাত্রার মান নির্ধারণ করা যাবে এবং এই পরিকল্পনা গ্রামীণ সমাজে ক্যান্সারের ঝুঁকি রোধ করতে সাহায্য করবে।

বিভাগের গবেষকরা ওয়ারেন কাউন্টির এই এলাকার তদন্ত করেছেন কারণ এই কাউন্টিতে 2011-2015 তথ্যের উপর ভিত্তি করে দেখা যায় যে নিউ ইয়র্ক সিটিতে সব ধরনের ক্যান্সারের সর্বোচ্চ হার ছিল এই অঞ্চলে। এই গবেষণায় নয় ধরনের ক্যান্সার পরীক্ষা করার জন্য তাদের ক্ষেত্রকে সংকুচিত করে মুখের, কলোরেক্টাল, ল্যারিনাল, ফুসফুস, মস্তিষ্ক এবং অন্যান্য স্নায়ুতন্ত্রের, থাইরয়েড, খাদ্যনালীর, ত্বক এবং লিউকেমিয়া এর মেলানোমা - এইগুলোর পরীক্ষা করে। এই পরীক্ষা থেকে বর্তমান এবং সাবেক তামাক ব্যবহার, পুষ্টিকর খাবারের স্বল্পতা, অ্যালকোহল সেবন এবং HPV সংক্রমণকে ক্যান্সার বৃদ্ধির সম্ভাব্য কারণ হিসেবে শনাক্ত করা হয়েছে। এই গবেষণাটি সম্পর্কে আরো বিস্তারিত তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "দুর্ভাগ্যবশত, ক্যান্সার, সাধারণ রোগের মধ্যে অন্যতম একটি যেটিতে দুই জন পুরুষের মধ্যে এবং তিন জন মহিলার মধ্যে একজন জীবদ্দশায় কোনো না কোনো ধরনের ক্যান্সারে আক্রান্ত হয়ে থাকে। এই গবেষণা থেকে প্রাপ্ত ডেটা নিউ ইয়র্কের সাথে একটি সংযোগ স্থাপন করবে যার ফলে নিউ ইয়র্ক তার যাবতীয় কৌশল প্রস্তুত করে ক্যান্সারের ঝুঁকি কমাতে সাহায্য করতে পারবে আর এর মধ্য দিয়ে কাউন্টির মানুষ দীর্ঘজীবী এবং স্বাস্থ্যসম্মত জীবন লাভ করবে।"

অ্যাসেম্বলি সদস্য ড্যান স্টেক বলেন, "ক্যান্সার আমাদের কমিউনিটির অনেক পরিবারকে আক্রমণ করছে। এই মারাত্মক রোগকে মোকাবিলার এবং প্রতিরোধের উপায় খোঁজার গুরুত্ব আমি অনুভব করি তাই আমি চাই না এটি আমাদের উপর খুব মানসিক চাপ সৃষ্টি করুক। এই অর্থায়ন আমাদের অধিবাসীদের মধ্যে স্বাস্থ্যসম্মত জীবনধারা বেছে নিতে এবং ক্যান্সারের হার হ্রাস করার লক্ষ্যে গৃহীত উদ্যোগকে জোরদার করতে সাহায্য করবে।"

ওয়ারেন কাউন্টি বোর্ডের সুপারভাইজার চেয়ারম্যান রোনাল্ড কনওভার বলেন, "ক্যান্সার জীবনে বড় ধরনের পরিবর্তন ডেকে আনে এবং এটি শুধু রোগীদের নয়, তাদের প্রিয়জনদেরকেও প্রভাবিত করে। গভর্নর কুওমোর ক্যান্সার গবেষণার উদ্যোগের কারণে, আমরা এখন আরো ভালো করে জটিল পর্যায়ের ক্যান্সারের হারের কারণগুলি বুঝতে পারি এবং আমাদের স্থানীয়ভাবে ক্যান্সার মোকাবেলার জন্য যে সকল উপকরণের সহজলভ্যতা আছে তা জানতে পারি এবং মানুষদেরকে এগুলোর সাথে সংযুক্ত করতে পারি।"

ওয়ারেন কাউন্টি অ্যাডমিনিস্ট্রেটর রায়ান মুর বলেন, "এই গবেষণা পরিচালনা এবং সংশ্লিষ্ট ওয়ারেন কাউন্টির অধিবাসীদের কাছে তাদের ফলাফল উপস্থাপন করার জন্য আমি নিউ ইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্টের নিবেদিত কর্মীদের ধন্যবাদ জানাচ্ছি। আমরা আমাদের এলাকার জনস্বাস্থ্য বিকাশে গভর্নর কুওমোর নেতৃত্বের প্রশংসা করছি এবং আমরা তার স্থানীয় ক্যান্সার প্রতিরোধের সমর্থনে রাষ্ট্রীয় সহায়তা প্রদানের জন্য তাকে ধন্যবাদ জানাই।"

গ্লেন্স ফলস মেয়র ড্যানিয়েল হল বলেন, "বন্ধু হোক বা সহযোগী হোক বা নিজেদের পরিবার হোক না কেন, ক্যান্সার আমাদের সকলকে স্পর্শ করেছে। আমরা গভর্নরের ক্যান্সার গবেষণা উদ্যোগের অংশ হিসেবে ক্যান্সার প্রতিরোধ ও দ্রুত পদক্ষেপকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে গভর্নরের যে প্রয়াস তার প্রশংসা করছি।"

ওয়ারেন কাউন্টিতে আজ 7 নভেম্বর সন্ধ্যা 7 টায় বৈঠক অনুষ্ঠিত হবে যেখানে নিউ ইয়র্ক স্টেট এর স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সাথে অনুসন্ধানের ফলাফল এবং প্রশ্নের উত্তর নিয়ে আলোচনা করা হবে।

Adirondack Hall, Northwest Bay Conference Center
SUNY Adirondack Community College
640 Bay Road, Queensbury, NY

ওয়ারেন কাউন্টি গবেষনাধীন অঞ্চল ছাড়াও, সেন্টারিচ, ফার্মিংভেল এবং সাফোক কাউন্টির শেলডেন অঞ্চলে; স্ট্যাটেন আইল্যান্ড (রিচমন্ড কাউন্টি) এবং ইস্ট বাফেলো/ ওয়েস্ট চিকটোওয়াগা (ইরি কাউন্টি) অঞ্চলে জটিল ক্যান্সারের ঘটনা তদন্ত করা হয়েছে। গবেষণার লক্ষ্য ছিল স্টেটের নির্দিষ্ট কয়েকটি অঞ্চলে ক্যান্সারের উচ্চ হারের কারণগুলো আরও ভালোভাবে বোঝা এবং ক্যান্সার প্রতিরোধ ও স্ক্রিনিংয়ের প্রচেষ্টাকে আরও ভালোভাবে অবগত করা এবং উচ্চমানের সেবা গ্রহণে উৎসাহিত করা। কোন ক্যান্সার প্রতিরোধ মধ্যস্থতাকে প্রচার করতে হবে এবং সংস্থানগুলোর সাথে রোগীদের সংযুক্ত করার সময় কোন ডায়াগনস্টিক এবং চিকিৎসা পরিষেবাগুলো সবচেয়ে উপকারী হবে তা নির্ধারনে এই সকল অঞ্চলগুলোর সম্ভাব্য প্রবণতাগুলোর পরীক্ষা বিভাগকে সহায়তা করে।

আইন অনুযায়ী নিউ ইয়র্কে ক্যান্সার নির্ণয় বা চিকিৎসার প্রতিটি ঘটনা তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক নিউ ইয়র্ক স্টেট ক্যান্সার রেজিস্ট্রিতে (New York State Cancer Registry) জানানো হয়। দেশের প্রথম দিককার ক্যান্সার রেজিস্ট্রি হিসেবে 1940 সালে নিউ ইয়র্ক ক্যান্সার রেজিস্ট্রি প্রতিষ্ঠিত হয় এবং এর পর থেকে CDC (রোগ নিয়ন্ত্রণ এ প্রতিরোধ কেন্দ্র)-র কর্তৃক রেজিস্ট্রি অফ এক্সিলেন্স (Registry of Excellence) হিসেবে নির্বাচত এবং উত্তর আমেরিকান কেন্দ্রীয় ক্যান্সার রেজিস্ট্রি সংস্থা (North American Association of Central Cancer Registries) কর্তৃক এটির সম্পূর্ণতা এবং নির্ভুলতার জন্যে গোল্ড সার্টিফিকেশন (Gold Certification) পাওয়া সহ বহু প্রশংসা পেয়েছে। আঞ্চলিক ক্যান্সার গবেষনাগুলো ক্যান্সার রেজিস্ট্রিতে রিপোর্ট করা তথ্যের উপরে নির্ভরশীল এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত ডেটার সাথে সংযুক্ত ছিল।

কোনো অঞ্চলের জনসংখ্যার চিত্র এবং আর্থ-সামাজিক অবস্থান, ধূমপান এবং প্রতিটি অঞ্চলের পেশাগত এবং শিল্প ইতিহাসের মতো আচরণগত এবং জীবনধারার বিষয়গুলো বিবেচনা করা হয়েছিল। পরিবেশগত বিষয় সংক্রান্ত তথ্যের উৎস মূল্যায়নের জন্য DOH পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC)-এর সঙ্গেও আলোচনা করেছে। গবেষণা অঞ্চলে এসব পরিবেশগত তথ্যের মূল্যায়নের মাধ্যমে এমন কোনো ব্যাপক অস্বাভাবিক পরিবেশগত কারণের পরিচয় মেলেনি, যার দ্বারা কোনো কোনো ক্ষেত্রে ক্যান্সারের প্রকোপ বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখতে পারে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন